

(৫০০৮০)
টেলিগ্রাম
বাংলাব্যাংক
ফ্যাক্স নং-৯৫৫০৮৫০
www.bangladeshbank.org.bd
www.bangladesh-bank.org

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ডাকবাংলো নং-৩২৫
ঢাকা।

প্রিয়জনকে বই উপহার দিন-প্রধানমন্ত্রী
ডিপার্টমেন্ট অফ অফসাইট সুপারভিশন
ফ্যাক্সযোগে প্রেরিত

ডিওএস সার্কুলার লেটার নং-১২

৩১ ভাদ্র, ১৪১২
তারিখ : -----
১৫ সেপ্টেম্বর, ২০০৫

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

**সাপ্তাহিক ছুটি শনিবারে ব্যাংকসমূহের বৈদেশিক মুদ্রা লেনদেনকারী
(এডি) শাখাসমূহ সীমিত পর্যায়ে খোলা রাখা প্রসঙ্গে।**

সম্প্রতি সরকার কর্তৃক দুইদিন (শুক্র ও শনিবার) সাপ্তাহিক ছুটি ঘোষণা করায় ব্যাংকসমূহেও সাপ্তাহিক দুইদিন ছুটির নির্দেশ জারী করা হয়েছে। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন পরবর্তী পরিস্থিতি বিবেচনায় এনে বিশেষতঃ দেশের বৈদেশিক বাণিজ্য ও লেনদেনের সুবিধার্থে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এখন থেকে বাংলাদেশে কার্যরত তফসিলী ব্যাংকগুলো গুরুত্বপূর্ণ ব্যবসা কেন্দ্রে অবস্থিত তাদের বৈদেশিক মুদ্রা লেনদেনকারী (অথোরাইজড ডিলার) শাখাগুলো সীমিত সময়ের জন্য শনিবারে খোলা রাখতে পারবে। যে সকল শাখা খোলা রাখা হবে তার একটি তালিকা বাংলাদেশ ব্যাংককে সরবরাহ করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ গোলাম মোস্তফা)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৫০৪৩৭